সংবাদ

তারিখ ... 14 DEC 2012 ...
পৃষ্ঠা ... কলাম ...

রাজধানীর ২৪ সরকারি স্কুলে ৭৩ হাজার ৯২৫ ভর্তি ফরম বিক্রি

- লটারিতে এক আসনের বিপরীতে ১৯ প্রার্থী
- ৮ স্কুলে ভর্তি পরীক্ষা আজ

রাকিব উদ্দিন

রাজধানীর সরকারি স্কুলে আজ শুরু হচ্ছে ২০১৩ শিক্ষাবর্ষে ছাত্রছাত্রী ভর্তির লিখিত পরীক্ষা। এবার ঢাকার ২৪টি সরকারি স্কুলে ১ম থেকে ৯ম শ্রেণীতে মোট ভর্তিযোগ্য আসন আছে সাত হাজার ৯৮৮টি। এর বিপরীতে মোট ভর্তি ফরম বিক্রি হয়েছে ৭৩ হাজার ৯২৫টি।

অন্যদিকে এবার ঢাকার ১৩টি সরকারি স্কুলে ১ম শ্রেণীতে ভর্তির জন্য এক হাজার ৪৭৫টি শূন্য আসনের বিপরীতে ভর্তি ফরম বিক্রি হয়েছে ২৮ হাজার ১২৪টি। অর্থাৎ গড়ে একটি আসনের বিপরীতে ১৯ জনের মধ্যে লটারি ড্র হবে।

তীব্র প্রতিযোগিতা তিন স্কুলে সবচেয়ে বেশি ভর্তি ফরম বিতরণ হয়েছে মতিঝিল সরকারি বালক উচ্চ বিদ্যালয়ে মোট ১০ হাজার ৬০৬টি। এই স্কুলে এবার মোট ৫০০টি শূন্য আসন আছে। এর মধ্যে ১ম শ্রেণীতে ১২০টি শূন্য আসনের বিপরীতে ফরম বিক্রি হয়েছে পাঁচ হাজার ৩৭৫টি। অর্থাৎ প্রতি ৪৫ জনের বিপরীতে একজন লটারিতে ভর্তির সুযোগ পাবে। ভর্তিফরম : পৃষ্ঠা : ১৫ ক : ৪

ভর্তিফরম : বিক্রি

(১ম পৃষ্ঠার পর)

দ্বিতীয় সর্বোচ্চ ভর্তি ফরম বিক্রি হয়েছে গভর্নমেন্ট ল্যাবরেটরি হাইস্কুলে। এই স্কুলে মোট ৩৮৪টি শূন্য আসনের বিপরীতে ভর্তি ফরম বিক্রি হয়েছে সাত হাজার ৯৬০টি। এর মধ্যে ১ম শ্রেণীতে ২৪০টি শূন্য আসনের বিপরীতে ভর্তি ফরম বিক্রি হয়েছে চার হাজার ৭৫০টি। অর্থাৎ গড়ে প্রতি ২০ জনের বিপরীতে একজন লটারিতে ভর্তির সুযোগ পাবে। তৃতীয় সর্বোচ্চ ভর্তি ফরম বিক্রি হয়েছে ধানমন্ডি গভর্নমেন্ট বয়েজ হাই স্কুলে। এই স্কুলে মোট শূন্য আসন আছে ১৮৪টি। এর বিপরীতে মোট ভর্তি ফরম বিক্রি হয়েছে ছয় হাজার ৬২১টি। এর মধ্যে ১ম শ্রেণীতে ৬০টি শূন্য আসনের বিপরীতে মোট ফরম বিক্রি হয়েছে তিন হাজার ৭০১টি। অর্থাৎ গড়ে প্রতি ৬২ জনের বিপরীতে একজন লটারিতে ভর্তির সুযোগ পাবে।

আজ ভর্তি পরীক্ষা আটটি স্কুলে

বিগত বছরের মতো এবারও মুনেমপুরের ২৪টি মাধ্যমিক বিদ্যালয়কে 'এ' 'বি' ও 'সি' ক্যাটাগরিতে ভাগ করে ভর্তি কার্যক্রম সম্পন্ন করার সিদ্ধান্ত নেয়া হয়েছে। প্রতি ক্যাটাগরিতে বিদ্যালয় আছে আটটি করে। আজ 'এ' ক্যাটাগরির আটটি স্কুলের ভর্তি পরীক্ষা হচ্ছে। স্কুল আটটি হলো গভর্নমেন্ট ল্যাবরেটরি হাইস্কুল, মিরপুর সরকারি উচ্চ বিদ্যালয়, মতিঝিল সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, ধিলগাঁও সরকারি উচ্চ বিদ্যালয়, নবাবপুর সরকারি উচ্চ বিদ্যালয়, নিউ গভর্নমেন্ট গার্লস হাইস্কুল, ইসলামিয়া সরকারি উচ্চ বিদ্যালয় এবং মোহাম্মদপুর সরকারি উচ্চ বিদ্যালয়।

মাউশির সহকারী পরিচালক (সরকারি স্কুল) শাখায়েত হোসেন গতকাল 'সংবাদ'কে জানান, 'এ' ক্যাটাগরির স্কুলগুলোতে শুক্রবার (আজ) সকাল-বিকেল দু'বেলা লিখিত পরীক্ষা গ্রহণ করা হবে। এর মধ্যে দ্বিতীয় থেকে ৪র্থ শ্রেণীর ভর্তি পরীক্ষা সকাল ১০টা থেকে বেলা ১২টা এবং ৬ষ্ঠ থেকে ৮ম শ্রেণীতে ভর্তির লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে বেলা দুইটা থেকে বিকেল চারটা পর্যন্ত। ধিলগাঁও সরকারি উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক কামরুন নাহার চৌধুরী 'সংবাদ'কে বলেন, আমার স্কুলে ৩য় ও ৪র্থ শ্রেণী নেই। তাই সকাল ১০টা থেকে ১১টা পর্যন্ত (এক ঘণ্টা) ২য় শ্রেণীতে শিক্ষার্থী ভর্তির পরীক্ষা নেয়া হবে। আর বিকেল দুইটা থেকে চারটা পর্যন্ত ৬ষ্ঠ ও ৮ম শ্রেণীর ভর্তি পরীক্ষা হবে। তিনি জানান, সুষ্ঠুভাবে পরীক্ষা গ্রহণের সার্বিক প্রস্তুতি সম্পন্ন করা হয়েছে।

আগামীকাল যেসব স্কুলের ভর্তি পরীক্ষা

আগামীকাল 'বি' ক্যাটাগরির আটটি বিদ্যালয়ে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। স্কুল আটটি হলো গভর্নমেন্ট মুসলিম হাইস্কুল, বাংলাবাজার সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, মতিঝিল সরকারি বালক উচ্চ বিদ্যালয়, নর্থসিডা সরকারি উচ্চ বিদ্যালয়, শেরেবাংলা নগর সরকারি বালক উচ্চ বিদ্যালয়, সরকারি বিজ্ঞান কলেজ সংযুক্ত হাইস্কুল, ধানমন্ডি সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় ও ধানমন্ডি কামরুন্নেছা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়। 'সি' গ্রুপের আটটি স্কুল ভর্তি পরীক্ষা হবে আগামী ১৭ ডিসেম্বর। এই গ্রুপের স্কুলগুলো হলো তেজগাঁও সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, ঢাকা কলেজিয়েট স্কুল, গণভবন সরকারি উচ্চ বিদ্যালয় ও তেজগাঁও সরকারি উচ্চ বিদ্যালয়, ধানমন্ডি গভর্নমেন্ট বয়েজ হাইস্কুল, আরমানিটোলা সরকারি উচ্চ বিদ্যালয়, শেরেবাংলা নগর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় এবং টিকাটুলি কামরুন্নেসা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়। প্রসঙ্গত, গত ৯ ডিসেম্বর সরকারি স্কুলে ভর্তি ফরম বিতরণ শেষ হয়েছে। গত বছরের মতো এবারও সরকারি স্কুলগুলোতে ১ম শ্রেণীতে লটারির মাধ্যমে শিশু ভর্তি করা হবে। প্রথম শ্রেণীতে ভর্তির লটারির ড্র হবে আগামী ২৭ ডিসেম্বর। ওইদিনই ফল ঘোষণা করা হবে। আর ৩০ ডিসেম্বর সব স্কুলের লিখিত পরীক্ষার ফল প্রকাশ করা হবে।